গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
উন্নয়ন-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়

**বিষয়: মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এর ইনোভেশন টিমের ১৭/০২/২০১৯ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:**

সভাপতি : জনাব লায়লা জেসমিন, অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা)।

সভার তারিখ : ১৭ ফেব্রুয়ারি, ২০১৯

সময় : সকাল ১০.০০ ঘটিকায়

স্থান : অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা) এর অফিস কক্ষ।

উপস্থিতি :

১) মো: ইকবাল হোসেন, যুগ্মসচিব (উন্নয়ন-২), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
২) কে.এম.রফিকুল ইসলাম, পরিচালক, জাতীয় মহিলা সংস্থা, ঢাকা।
৩) বেগম ফেরদৌসী বেগম, উপসচিব (বাজেট ও অডিট),মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
৪) বেগম ফরিদা খানম, উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৫) মো: ইনামুল হক, প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৬) মোহাম্মদ কামাল হোসেন, উপপরিচালক, জয়িতা ফাউন্ডেশন, ঢাকা।
৭) মো: নুরুজ্জামান, প্রোগ্রাম অফিসার, বাংলাদেশ শিশু একাডেমি,ঢাকা।
৮) হাসিনা আখতার খানম, প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর,ঢাকা।

সভাপতি সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতপর আলোচ্যসূচি অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

২. আলোচনা ও সিদ্ধান্তঃ

| বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ২.১ মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের পুনর্গঠন | জনাব মো: ইকবাল হোসেন, যুগ্মসচিব (উন্নয়ন-২) জানান, মন্ত্রিপরিষদ বিভাগের ইনোভেশন টিম গঠন সংক্রান্ত ০৮/০৪/২০১৩ তারিখের নং-০৪.০০.০০০০.২৩২.৩৫. ০০৬.১৩-১৮ সংখ্যক প্রজ্ঞাপন মোতাবেক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব/যুগ্মসচিব পর্যায়ের একজন কর্মকর্তা চিফ ইনোভেশন অফিসার হবেন এবং আইসিটি ও পরিকল্পনা অনুবিভাগ/অধিশাখা হতে একজন করে প্রতিনিধি অন্তর্ভূক্ত করে ৩-৫ জন কর্মকর্তার সমন্বয়ে ইনোভেশন টিম গঠিত হবে। কিন্তু এ মন্ত্রণালয়ের ইনোভেশন টিমে পরিকল্পনা অধিশাখা থেকে কোন প্রতিনিধি অন্তর্ভূক্ত করা হয়নি।সভায় পরিকল্পনা অধিশাখার একজন কর্মকর্তাকে অন্তর্ভূক্ত করে ইনোভেশন টিম পুনর্গঠন করার বিষয়ে একমত পোষণ করা হয়। | পরিকল্পনা অধিশাখা থেকে ১ জন কর্মকর্তাকে অন্তর্ভূক্ত করে এ মন্ত্রণালয়ের ইনোভেশন টিম পুনর্গঠন করতে হবে। |

| বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ২.২ মন্ত্রণালয়ের অধিনস্ত দপ্তর / সংস্থা সমূহের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-১৯ এর বাস্তবায়ন অগ্রগতির অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা | ইনোভেশন টিমের গত সভার সিদ্ধান্ত মোতাবেক মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থা ৭ দিনের মধ্যে ইনোভেশন টিমের সভা করে বার্ষিক উদ্ভাবন পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতির অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন ৩১ জানুয়ারি, ২০১৯ এর মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করবে। তদনুযায়ী মহিলা বিষয়ক অধিদপ্তর ও বাংলাদেশ শিশু একাডেমি স্ব-মূল্যায়ন প্রতিবেদন প্রেরণ করলেও তা নির্ধারিত ছকে প্রেরণ করা হয়নি।এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে নির্ধারিত ছকে দ্রুততম সময়ের মধ্যে অর্ধ-বাষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সভাপতি সব দপ্তর/সংস্থার প্রতিনিধিবৃন্দকে নির্দেশনা প্রদান করেন। | দ্রুততম সময়ের মধ্যে অধিনস্ত সকল দপ্তর/সংস্থা নির্ধারিত ছকে অর্ধ-বাষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করবে। |
| ২.৩ মন্ত্রণালয়ের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-১৯ অর্থ বছরে বাস্তবায়ন অগ্রগতি কর্মপরিকল্পনা | যুগ্মসচিব (উন্নয়ন-২) এ মন্ত্রণালয়ের ২০১৮-২০১৯ অর্থ বছরের কর্মপরিকল্পনার অগ্রগতির বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, কর্মপরিকল্পনার ক্রমিক নং ১.১, ১.৩ ও ২.১, ২.২ এর কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন হয়েছে। কার্যক্রম ৩.২, ৩.৩ এবং ৩.৪ এর ক্ষেত্রে উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির জন্য ২ ও ৫ দিনের প্রশিক্ষণ আয়োজন এবং উদ্ভাবন কার্যক্রমের সংগে সম্পৃক্ত কর্মকর্তাদের বিদেশে শিক্ষা সফরে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রশিক্ষণ অধিশাখাকে পত্র দেয়া হয়েছে। কর্মপরিকল্পনার কার্যক্রম ৩.১ এ উল্লিখিত ১ দিনের ওরিয়েন্টেশন কর্মশালা/সেমিনার দ্রুত আয়োজনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের পক্ষ থেকে মৌখিক ভাবে তাগিদ দেয়া হয়েছে। মন্ত্রণালয়ের ৯ম গ্রেড হতে তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তা এবং দপ্তর/সংস্থার প্রধানসহ ইনোভেশন টিমের সদস্যবৃন্দকে নিয়ে উক্ত কর্মশালা আয়োজন করা প্রয়োজন। উপসচিব (বাজেট ও অডিট) বলেন যে, সেমিনার/কর্মশালার জন্য বাজেটে পর্যাপ্ত বরাদ্দ রয়েছে বলে জানান। পরিচালক (জামস) বলেন, জাতীয় মহিলা সংস্থায় বড় সম্মেলন কক্ষ রয়েছে। কর্মশালাটি সেখানে আয়োজন করা যেতে পারে। | কর্মপরিকল্পনার কার্যক্রম ৩.১ অনুসারে ইনোভেশন বিষয়ে ১ দিনের জন্য ১টি ওরিয়েন্টেশন কর্মশালা/সেমিনার আয়োজনের জন্য প্রশিক্ষণ অধিশাখাকে অনুরোধ করতে হবে। |

| বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ২.৪ ইনোভেশন শোকেসিং আয়োজন। | যুগ্মসচিব (উন্নয়ন-২) জানান যে, কর্ম-পরিকল্পনা কার্যক্রম ৬.১ অনুসারে ন্যুনতম একটি ইনোভেশন শোকেসিং এর আয়োজন করতে হবে। মন্ত্রণালয়ের পক্ষে মহিলা বিষয়ক অধিদপ্তর শোকেসিং কর্মশালাটি আয়োজন করবে। এ শোকেসিং আয়োজনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে গত নভেম্বর/২০১৮ পত্র দেয়া হয়েছিল। কিন্তু জাতীয় নির্বাচনের কারণে শোকেসিং আয়োজন করা সম্ভব হয়নি। এক্ষণে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে স্ব স্ব মন্ত্রণালয়কে শোকেসিং এর তারিখ নির্ধারণ করে জানাতে বলা হয়েছে। মহিলা বিষয়ক অধিদপ্তরের প্রতিনিধি জানান যে, শোকেসিং এর জন্য ইতোমধ্যে তারা বাজেট পেয়েছেন। মন্ত্রণালয় তারিখ নির্ধারণ করলে তারা শোকেসিং কর্মশালা আয়োজন করতে পারবেন। সভাপতি জানান সচিব মহোদয়ের সাথে আলোচনা করে শোকেসিং কর্মশালার তারিখ সংশ্লিষ্ট সবাইকে জানানো হবে। | মন্ত্রণালয়ের পক্ষ থেকে শোকেসিং কর্মশালার তারিখ যথাশীঘ্র নির্ধারণ করে সংশ্লিষ্ট সকলকে অবহিত করতে হবে।<br><br>মহিলা বিষয়ক অধিদপ্তর শোকেসিং কর্মশালা আয়োজনের সকল প্রস্তুতি সম্পন্ন করবে। |

৩. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০/২/২০১৯

(লায়লা জেসমিন)
অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা)
ও
চিফ ইনোভেশন অফিসার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

নং-৩২.০০.০০০০.০৫৭.১৪.০০২.১৮-৪৭/১

তারিখ:-২০/০২/২০১৮খ্রি:

**বিতরণ ( জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)** :

১। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
২। নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা, ঢাকা।
৩। ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন, ধানমন্ডি, ঢাকা।
৪। পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা।
৫। উপসচিব (প্রশিক্ষণ),মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৬। প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

20.02.2019

(মো: ইকবাল হোসেন)
যুগ্মসচিব
ফোন-৯৫৭০৬৫৭।